দৈনিক ইত্তেফাক

26

তারিখ ... ... ... OCT. 28 1999
পৃষ্ঠা ..৫.. কলাম ..৩....

## এসএসসি পরীক্ষা প্রসঙ্গে

গত ৭-১০-৯৯ তারিখে দৈনিক ইত্তেফাকের মাধ্যমে জানিতে পারিলাম ২০০০ সালের ২রা মার্চ অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা মাত্র ১২দিনে সম্পন্ন করিবার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। এসএসসি পরীক্ষার্থীদের ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়সহ মোট এগারটি পরীক্ষা কোনরকম বিরতি ছাড়াই দিতে হইবে, যাহা অযৌক্তিক ও অমানবিক। অথচ পরীক্ষা দিবার পূর্বে পড়া বিষয়গুলি একবার ঝালাইয়া নিবার জন্যও একদিন বিরতি প্রয়োজন। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ নূরুল ইসলাম,
রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ,
ফরিদপুর, ৭৮০০